

শিক্ষক সুদীপকে একাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি

অনলাইন ডেস্ক



ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের শিক্ষার্থী মুনیرা মাহজাবিন মিমোর আত্মহত্যার ঘটনায় ওই বিভাগের সহযোগী অধ্যাপক ড. সুদীপ চক্রবর্তীকে বিভাগের সব প্রকার একাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

গতকাল সোমবার (২৭ এপ্রিল) বিভাগটির চেয়ারম্যান কাজী তামান্না হক সিগমা স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

পা পড়ুন



আজকের নামাজের সময়সূচি, ২৮
এপ্রিল ২০২৬

বিজ্ঞপ্তিতে বলা হয়, থিয়েটার অ্যান্ড
পারফরম্যান্স স্টাডিজ বিভাগের ২০২৪ সালের
এম.এ ২য় সেমিস্টারের মেধাবী শিক্ষার্থী মুনিরা
মাহজাবিনের অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে বিভাগীয়
পরিবার শোকাহত। ওই ঘটনার পর সংশ্লিষ্ট
মামলায় বিভাগের শিক্ষক ড. সুদীপ চক্রবর্তী
আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক গ্রেপ্তার
হন।

মামলা রুজু হওয়ার কারণে বর্তমানে তিনি
জেলহাজতে রয়েছেন।

উদ্ভূত পরিস্থিতি পর্যালোচনার জন্য গত ২৬
এপ্রিল বিশেষ একাডেমিক কমিটির সভা আহ্বান
করা হয়। সভায় সিদ্ধান্ত গৃহীত হয়, ড. সুদীপ
চক্রবর্তীর বিরুদ্ধে চলমান আইন প্রক্রিয়া
নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি বিভাগের কোনো
প্রকার একাডেমিক কার্যক্রম, ক্লাস এবং পরীক্ষা
কমিটিতে অন্তর্ভুক্ত থাকতে পারবেন না। এই
আদেশ অবিলম্বে কার্যকর করা হয়েছে।

পড়ুন



ঢাকায় বৃষ্টি হলেও বাড়বে গরম

এর আগে গত রবিবার রাজধানীর উত্তর বাড্ডায় নিজ বাসায় ঢাবি শিক্ষার্থী মুনিরা মাহজাবিন মিমো ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ। এসময় একটি চিরকুট পাওয়া যায়। সেখানে লেখাছিল, ‘সুদীপ স্যারকে ৫০ হাজার টাকা দিতে হবে। হানি আর সুদীপ স্যার ভালো থাকো।

স্যারের দেওয়া গিফটগুলো ফেরত দেওয়া...।’

পরে আত্মহত্যায় প্ররোচনার অভিযোগে সুদীপ চক্রবর্তীকে আসামি করে মামলা করা হয়। এই মামলায় তাকে গ্রেপ্তার দেখিয়ে কারাগারে পাঠানো হয়েছে।

